

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬৭০

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - অনুমতি প্রার্থনা

بَابُ الْإِسْتِنْذَانِ

### আরবী

وَعَن أَبِي هريرةَ قَالَ: دَخَلْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَوَجَدَ لَبَنًا فِي قَدَحِ. فَقَالَ: «أَبَا هِرِّ الْحَقْ بِأَهْلِ الصَّفَّةِ فَادْعُهُمْ إِلَيَّ» فَأَتَيْتُهُمْ فَدَعَوْتُهُمْ فَأَقْبَلُوا فَاسْتَأْذَنُوا فَأَذِنَ لَهُمْ فَدَخَلُوا

#### বাংলা

৪৬৭০-[8] আবৃ হ্রায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে তাঁর ঘরে প্রবেশ করলাম। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) ঘরে এক পেয়ালা দুধ পেলেন। তখন আমাকে বললেনঃ হে আবৃ হ্রায়রা! আহলে সুফফার নিকটে যাও এবং আমার কাছে তাঁদেরকে ডেকে আনা। আমি তখন তাঁদের নিকট এসে তাঁদেরকে ডাকলাম। তাঁরা তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম)-এর কাছে এলেন এবং অনুমতি প্রার্থনা করলেন। মহানবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁদেরকে অনুমতি দিলেন, অতঃপর তাঁরা প্রবেশ করলেন। (বুখারী)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬২৪৬, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩৩০৩, ইরওয়া ১৯৮৫, আল মুসতাদরাক ৪২৯১, হিলইয়াতুল আওলিয়া ১/৩৭৭, 'বায়হাকী'র কুবরা ৪৫১১।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ এখান থেকে বুঝা গেল, যাকে খাওয়ার জন্য আহবান করা হয় তার জন্য সেই ডাক অনুমতির জন্য যথেষ্ট নয়। বরং নতুনভাবে অনুমতি চাইবে। তবে এটা আরেকটি হাদীসের বিপরীত। যেমন অপর হাদীসে রয়েছে الرَّجُلُ إِنْنُهُ وَإِذْنُهُ وَالرَّجُلُ إِنْنُهُ الرَّجُلُ إِلَى الرَّجُلُ إِنْنُهُ الرَّجُلُ إِنْنُهُ الرَّجُلُ إِنْنُهُ الرَّجُلُ إِلَى الرَّجُلُ إِنْنُهُ الرَّجُلُ إِنْنُهُ الرَّجُلُ إِنْنُهُ الرَّجُلُ إِنْنُهُ الرَّجُلُ الرَّجُلُ الرَّجُلُ الرَّجُلُ الْمُعَلِي الرَّجُلُ الرَّجُلُ الرَّجُلُ الرَّجُلُ الرَّجُلُ المَّعَمِي الرَّجُلُ المَّالِقُولُ المَّعْمِي المَّالِقُلُولُ المَّالِقُلُولُ المَّالِقُلُولُ المَّالِقُلُولُ المَّالِقُلُولُ المَّالِقُلُولُ المَّلُولُ المَّالِقُلُولُ المَّلِقُلُولُ المَّالِقُلُولُ المَّلَاقُلُولُ المَّلُولُ المَالِقُلُولُ المَّالِقُلُولُ المَالِقُلُولُ المَّالِقُلُولُ المَّلِي المَّلُولُ المَّلِي المَّلُولُ المَّلِي المَّلُولُ المَّلُولُ المَّلِي المَّلُولُ المَّلُولُ المَّلُولُ المَلْمُ المَالِمُ المَلْمُ المَّلِمُ المَالِمُ المَلْمُ المَالِمُ المَالِمُ المَّلِمُ المَالِمُ المَالُولُ المَلْمُ المَّلِمُ المَّلِمُ المَّلِمُ المَلْمُ المَالِمُ المَّلِمُ المَالِمُ المَلْمُ المَالِمُ المَّلِمُ المَلْمُ المَّلِمُ المَّالِمُ المَلْمُ المَّلِمُ المَّلِمُ المَّالِمُ المَّلِمُ المَّلِمُ المَّلِمُ المَّلِمُ المَّلِمُ المَلْمُ المَالْمُ المَالْمُ المُلْمُ المَّلِمُ المَلْمُ المَلْمُ المَلْمُ المَلْمُ المُلْمُ المَلْمُ المُلْمُ المُلْمُ المُلْمُ المُلْمُ المَّلِمُ المَلْمُ المَ



বিপরীতমুখী হাদীসের সমাধানে মুহাদ্দিসগণ ব্যাখ্যা প্রদান করেছেন। যেমন মুহাল্লাব বলেনঃ যদি ডাকা এবং আসার মধ্যে সময় দীর্ঘ হয়ে যায় সেক্ষেত্রে নতুনভাবে অনুমতির দরকার। অনুরূপভাবে যদি কারো নিকটে স্বাভাবিকভাবে অনুমতির প্রয়োজনের মতো হয় তবে তখন আবার অনুমতি নিতে হবে। এছাড়া পুনরায় অনুমতির দরকার নেই।

ইবনু তীন (রহিমাহুল্লাহ) বলেনঃ হয়তো প্রথম হাদীসটি এমন ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য যার নিকটে অনুমতি নেয়ার মতো কেউ নেই। আর ২য়টি এর বিপরীত। তিনি আরো বলেন, সর্বদা অনুমতি নেয়াই সর্বোচ্চ সাবধানতা অবলম্বন। এ দু' হাদীসের সমন্বয়ে ইমাম ত্বহাবী বলেনঃ যদি আহুত ব্যক্তির সাথে দূত থাকে তার অনুমতি নিতে হবে না। শুধু সাক্ষাতের সালাম যথেষ্ট হবে। আর যদি দূত বিলম্ব করে অর্থাৎ সাথে না থাকে তাহলে অনুমতির প্রয়োজন আছে। কারণ আলোচ্য হাদীসে افَا قُبُلُوا فَاسْتَأُذُنُوا فَاسْتَا وَ শব্দ ব্যবহার করা তো প্রমাণ হয় যে, আবূ হুরায়রা তাদের সাথে ছিলেন না। অন্যথায় তিনি অবশ্যই نَبُلُوا فَاسْتَا كَاهُ খন্ড, হাঃ ৬২৪৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন